

শালবনিতে সিমেন্ট উৎপাদন শুরু

নিজস্ব সংবাদদাতা, পশ্চিম মেদিনীপুর, ১২ জুলাই— বুধবার শালবনিতে জিন্দালদের সিমেন্ট কারখানায় উৎপাদন শুরু হল। বুধবার শিল্পপতি সজ্জন জিন্দালের ছেলে পার্থ জিন্দালের উপস্থিতিতে কারখানা থেকে সিমেন্ট উৎপাদন শুরু হয়। সিমেন্টের ২০০ বস্তা তারাপীঠে মাহের মন্দিরে কাজ করার জন্য পাঠানো হয়। খুব শীঘ্রই জেএসডব্লিউ সিমেন্ট বাজারে আসবে। উৎপাদন শুরু হওয়ার সময় জমিদার পরিবারগুলিকে না ডাকায় ক্ষুব্ধ। শালবনি থানার বাঁকিবীধ ও বংশীজোড়া অঞ্চলে প্রায় পাঁচ হাজার একর জায়গার উপর এশিয়ার বৃহত্তম ইম্পাত কারখানা গড়ে তোলার জন্য ২০০৮ সালের ২ নভেম্বর শিলান্যাস করেছিলেন কেন্দ্রের তৎকালীন মন্ত্রী রামবিলাস পাসোয়ান ও পশ্চিমবঙ্গের তৎকালীন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য। কিন্তু জিন্দাল কর্তৃপক্ষ ইম্পাত কারখানা করতে পারেননি। এরপর গঙ্গা দিয়ে অনেক জল ব্যয়ে গিয়েছে। ২০১১ সালে ক্ষমতায় আসে তৃণমূল। মুখ্যমন্ত্রী হল মমতা বন্দ্যোপাধ্যায়। মমতা হুঁশিয়ারি দিয়ে জিন্দালদের বলেছিলেন, হয় শালবনিতে কারখানা গড়ে তুলুন, নাহলে জমি ছেড়ে দিন। এরপর ওই জায়গায় সিমেন্ট কারখানার শিলান্যাস করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ওইদিন সজ্জন জিন্দাল ও তাঁর ছেলে পার্থ জিন্দাল ঘোষণা করেছিলেন যে ২০১৭ সালে সিমেন্ট উৎপাদন শুরু হবে। সিমেন্ট কারখানার পাশাপাশি রং তৈরির কারখানা ও বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রও তৈরি হবে।